# শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬

প্রধানমন্ত্রীর
শিক্ষা সহায়তা ট্রাস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.০৭৫.০০২.২৬-২৯

তারিখ: ১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬।**

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে শিক্ষার্থীদের বিভিন্ন ধরণের আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। যেহেতু শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ও আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদানের জন্য বিদ্যমান নির্দেশিকাটি যুগোপযোগী করা সমীচীন ও প্রয়োজনীয় সেহেতু এতদ্বারা নিম্নরূপ নির্দেশিকা (guideline) জারি করা হ'ল:

২। **শিরোনাম:**

এ নির্দেশিকা 'শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৬' নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন:**

(১) এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে;

(২) দেশের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের অসচ্ছল পরিবারের ভর্তিকৃত মেধাবী শিক্ষার্থীদের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে;

৪। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়:

(১) 'ভর্তি সহায়তা' অর্থ - এ নির্দেশিকায় বর্ণিত ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে প্রদত্ত আর্থিক সহায়তা;

(২) 'প্রাথমিক যাচাই-বাছাই কমিটি' অর্থ - এ নির্দেশিকার ৯.১ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(৩) 'বাছাই কমিটি' অর্থ - এ নির্দেশিকার ৯.২ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

(৪) 'শিক্ষার্থী' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী;

(৫) 'শিক্ষা প্রতিষ্ঠান' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের পাঠদানের অনুমতিপ্রাপ্ত EIIN নম্বরধারী সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান;

(৬) 'ট্রাস্ট' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

(৭) 'আবেদনপত্র' অর্থ - ট্রাস্ট কর্তৃক আবেদনের নির্ধারিত ফরম;

(৮) 'অসচ্ছল পরিবার' অর্থ - পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকার কম;

(৯) 'মেধাবী' অর্থ - পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ অথবা সমমানের জিপিএ প্রাপ্ত শিক্ষার্থী;

(১০) 'তহবিল' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলতি তহবিল;

(১১) 'অভিভাবক' অর্থ- পিতা/মাতা অথবা পিতা ও মাতার মৃত্যুজনিত বা অন্য কোনো কারণে শিক্ষার্থী সম্পূর্ণরূপে যার উপর নির্ভরশীল; এবং

(১২) 'কর্তৃপক্ষ' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

**৫। বিজ্ঞপ্তি প্রকাশ:**

(১) ট্রাস্ট কর্তৃক শিক্ষার্থীদের আবেদন গ্রহণের লক্ষ্যে প্রতি শিক্ষাবছরে প্রয়োজন অনুযায়ী ২ (দু'টি) টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদন আহবান করা হবে;

(২) বিজ্ঞপ্তির কপি শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্ত সকল অধিদপ্তর ও দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হবে; এবং

(৩) এছাড়াও, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণের জন্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে বিজ্ঞপ্তির কপি প্রেরণ করা হবে।

**৬। ভর্তি সহায়তা প্রাপ্তির শর্তাবলি:**

(১) বিজ্ঞপ্তি প্রকাশের পর মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (৬ষ্ঠ থেকে ১০ম) ভর্তিকৃত, উচ্চ-মাধ্যমিক ও সমমান শ্রেণিতে (একাদশ ও আলিম ১ম বর্ষে) ভর্তিকৃত এবং স্নাতক ও সমমান শ্রেণিতে (স্নাতক/ফাজিল পাস ও অনার্স কোর্সে ১ম বর্ষে) ভর্তিকৃত শিক্ষার্থীকে ট্রাস্ট কর্তৃক নির্দিষ্ট সময়ে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে **(আবেদন ছক সংযোজনী- "ক");**

(২) আবেদনপত্রের সাথে চাহিত তথ্যাদি/কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে;

(৩) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ৩ (তিন) লক্ষ টাকার কম হতে হবে;

(৪) এতিম শিক্ষার্থী, প্রতিবন্ধী শিক্ষার্থী/অভিভাবক, দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত শিক্ষার্থী/অভিভাবক, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, হতদরিদ্র শিক্ষার্থী (অভিভাবক নিম্ন আয়ের শ্রমিক) এবং 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ২০তম গ্রেডের সরকারি কর্মচারীর সন্তান ভর্তি সহায়তার আবেদন করতে পারবেন; এবং

(৫) গণমাধ্যমে প্রকাশিত/প্রচারিত অসচ্ছল পরিবারের 'অদম্য মেধাবী' শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদানের জন্য ট্রাস্ট স্ব-উদ্যোগে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

**৭। ভর্তি সহায়তার পরিমাণ:**

আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই করে উপযুক্ত বিবেচিত হলে শিক্ষার্থী প্রতি মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৪,০০০ (চার হাজার) টাকা, উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৬,০০০ (ছয় হাজার) টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ে ৮,০০০ (আট হাজার) টাকা হারে ভর্তি সহায়তা বাবদ প্রদান করা হবে।

**৮। ভর্তি সহায়তা তহবিলের উৎস:**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চলতি তহবিল থেকে ভর্তি সহায়তার অর্থ প্রদান করা হবে।

**৯। ভর্তি সহায়তা নির্বাচন সংক্রান্ত কমিটিসমূহ:**

**৯.১ প্রাথমিক যাচাই বাছাই কমিটি:** নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে প্রাথমিক যাচাই বাছাই কমিটি গঠিত হবে-

| ক্র. নং | বিস্তারিত বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২. | উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৩. | সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৪. | সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৫. | প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৬. | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**প্রাথমিক যাচাই বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) বাছাই কমিটির সভায় উপস্থাপনের পূর্বে প্রাপ্ত আবেদনসমূহ নির্দেশিকার আওতায় প্রাথমিক পর্যালোচনা ও যাচাই-বাছাইপূর্বক ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য ও অযোগ্য শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করা; এবং

(খ) প্রাথমিক যাচাই বাছাই কমিটি যৌক্তিক সংখ্যক সভায় মিলিত হবে।

প্রয়োজনবোধে উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

৯.২ **বাছাই কমিটি:** নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে বাছাই কমিটি গঠিত হবে-

| ক্র. নং | বিস্তারিত বিবরণ | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১. | ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| ২. | পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৩. | উপপরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ৪. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৫. | বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৬. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৭. | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৮. | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | সদস্য |
| ৯. | প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ১০. | সহকারী পরিচালক (উপবৃত্তি), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

**বাছাই কমিটির কার্যপরিধি:**

(ক) প্রাথমিক যাচাই বাছাই কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বাছাইকৃত আবেদনের মধ্য থেকে নির্দেশিকা অনুযায়ী উপযুক্ত শিক্ষার্থীর আবেদন মূল্যায়নপূর্বক শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করবে; এবং

(খ) বাছাই কমিটি যৌক্তিক সংখ্যক সভায় মিলিত হবে।

প্রয়োজনবোধে উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

১০। **ভর্তি সহায়তা প্রদান পদ্ধতি:**

(১) ভর্তি সহায়তার অর্থ শিক্ষার্থী অথবা পিতা বা মাতা'র অনলাইন ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে; এবং

(২) শিক্ষার্থীর পিতা ও মাতা জীবিত না থাকলে শিক্ষার্থীর স্কুল ব্যাংকিং একাউন্টে ভর্তি সহায়তার অর্থ প্রেরণ করা হবে।

১১। **শিক্ষার্থীর সংখ্যা নির্ধারণ:**

(১) প্রত্যেক উপজেলা/শিক্ষা থানা এলাকায় প্রতি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত সর্বোচ্চ ২০ (বিশ) জন শিক্ষার্থী, একাদশ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত সর্বোচ্চ ১০ (দশ) জন নির্বাচিত শিক্ষার্থীর মাঝে ভর্তি সহায়তা অর্থ প্রদান করা হবে;

(২) স্নাতক ও সমমান পর্যায়ের ক্ষেত্রে ১১(১)-এ বর্ণিত শর্ত প্রযোজ্য হবে না। তবে এক্ষেত্রে শিক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ ২০০০ (দুই হাজার) জন হবে; এবং

(৩) ট্রাস্টের তহবিলের পর্যাপ্ততার ভিত্তিতে শিক্ষার্থীর সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা যাবে।

**১২। সংশোধনী:**

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট সময়ে সময়ে প্রয়োজনে এ নির্দেশিকার যে কোনো অংশ সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে। নির্দেশিকায় কোনো বাক্য বা শব্দের অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে ট্রাস্ট তার ব্যাখ্যা প্রদান করবে।

**১৩। রহিতকরণ ও হেফাজত:**

(১) নিম্নবর্ণিত নির্দেশিকা এতদ্দারা রহিত করা হ'ল-

(ক) 'দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০' অত:পর উক্ত নির্দেশিকা বলিয়া উল্লিখিত, এতদ্দারা রহিত করা হলো।

(২) উক্তরুপ রহিতকরণ সত্ত্বেও-

(ক) উক্ত নির্দেশিকার অধীন কৃত কোন কাজ বা গৃহীত ব্যবস্থা এ নির্দেশিকার অধীন কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে; এবং

(খ) উক্ত নির্দেশিকার অধীন গৃহীত কোন কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকলে উহা উক্ত নির্দেশিকার বিধান অনুসারে নিষ্পত্তি করতে হবে।

০২/০৬/২০২৫

(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট